গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

# সিলেট বিভাগীয় জেলা প্রশাসক সমন্বয় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১৮.০১.২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল ০৯.০০ ঘটিকা |
| স্থান | ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে স্ব স্ব সভাকক্ষ |
| উপস্থিতি | অনলাইন |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) কার্যপত্র মতে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হলে তা সংশোধনী ব্যতীত অনুমোদিত হয়।

০২। সভায় গতমাসে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **১. মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন জেলাসমূহ থেকে যথাসময়ে পাওয়া গেছে। কার্যক্রমটি চলমান থাকায় যথাসময়ে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচিত হয়। | মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **২. ফৌজদারি কার্যবিধির আওতায় বিচারাধীন মামলা পর্যালোচনা:**<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে জেলা প্রশাসনের অধীন ফৌজদারি আদালত পরিচালনা করা হচ্ছে, প্রমাপ অর্জন নিশ্চিত করা হচ্ছে। এ সিদ্ধান্ত বাস্তাবায়ন অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ১। স্বাস্থ্যবিধি মেনে জেলা প্রশাসনের অধীন আদালত পরিচালনা অব্যাহত রাখতে হবে। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল) |
| | ২। ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর আওতায় দায়েরকৃত মামলা নিষ্পত্তির হার বৃদ্ধিসহ প্রমাপ অর্জন নিশ্চিতকরণের ধারা অব্যাহত রাখতে হবে। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল) |
| **৩. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী মোবাইল কোর্টের প্রমাপ অর্জন নিশ্চিতকরণ এবং ই-কোর্টে তথ্য আপলোড অব্যাহত রয়েছে। সভায় মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা যাতে না কমে সেদিকে দৃষ্টি রাখার জন্য জেলা ম্যাজিস্ট্রেটদের অনুরোধ করা হয়। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ মোবাইল কোর্টের জরিমানার টাকা চালানের মাধ্যমে নির্ধারিত খাতে জমাদান এবং অনলাইনে ভেরিফাই করে নিশ্চিতকরণ করছেন। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটগণ চালানের অনলাইন ভেরিফিকেশন তদারকি করছেন বলে সভায় জানানো হয়। ইভটিজিং প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখা হয়েছে। | ক. মোবাইল কোর্টের প্রমাপ অর্জন নিশ্চিতকরণ এবং ই-কোর্টে তথ্য আপলোড অব্যাহত রাখতে হবে।<br>খ. মোবাইল কোর্ট পরিচালনা বিষয়ে অবহিতকরণ/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br>গ. মোবাইল কোর্টে আদায়কৃত জরিমানার টাকা যথাযথভাবে নির্ধারিত খাতে জমা প্রদান নিশ্চিতকরণ এবং অনলাইনে চালান ভেরিফিকেশন অব্যাহত রাখতে হবে।<br>ঘ. ইভটিজিং প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনার ধারা অব্যাহত রাখতে হবে। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল) |

| | | |
|---|---|---|
| **. ই-নথি ও ই-সার্ভিস সিস্টেম**<br>ক. সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। ই-নথি কার্যক্রমের অবস্থানগত কোন প্রতিবেদন অনলাইনে প্রকাশিত না হওয়ায় এ বিষয়ে পর্যালোচনা করা যাচ্ছে না। সভায় ই-নথিতে নথি নিষ্পত্তি ও পত্র জারি সম্পর্কিত ড্যাশবোর্ডের তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের জন্য মতামত প্রকাশ করা হয়।<br>খ. সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে ই-মেইল নীতিমালা মতে সরকারি কাজে দাপ্তরিক ই-মেইল ব্যবহার নিশ্চিতের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সিলেট বিভাগের জেলাসমূহের ওয়েবপোর্টাল পরীক্ষায় দেখা যায় সকল জেলায় তা বাস্তবায়ন করা হয়েছে। সিদ্ধান্তটি বাস্তবায়িত হওয়ায় আলোচনা থেকে বাদ দেয়ার বিষয়ে মতামত প্রকাশ করা হয়।<br>গ. সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তমতে দাপ্তরিক যোগাযোগ করার জন্য এ বিভাগের প্রশাসনের কর্মকর্তাদের কর্পোরেট/দাপ্তরিক সিম জেলা প্রশাসক, ডিডিএলজি, অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার পর্যায়ে ব্যবহার নিশ্চিত করা হয়েছে।<br>ঘ. সভায় জানানো হয় গত সভায় ই-নথিতে অপ্রয়োজনীয় পত্র জারি না করার সিদ্ধান্ত হয়েছে। সিদ্ধান্ত মোতাবেক ই-নথিতে কার্যক্রম বৃদ্ধি পেয়েছে এবং হার্ডকপি প্রেরণের প্রবণতা হ্রাস পেয়েছে মর্মে পরিলক্ষিত হয়। কার্যক্রমটি বাস্তবায়িত হওয়ায় আলোচনা থেকে বাদ দেয়ার বিষয়ে মতামত প্রকাশ করা হয়। | ক. ই-নথি কার্যক্রম জোরদার অব্যাহত রাখতে হবে। গৃহীত কার্যক্রমের সার্বিক চিত্র সভায় উপস্থাপন করতে হবে।<br>খ. সহকারী কমিশনার (ভূমি) পদের কর্মকর্তাদের কর্পোরেট/ দাপ্তরিক সিম ব্যবহারের বিষয় বিবেচনা করতে হবে। | ক. জেলা প্রশাসক (সকল); সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট |
| **৫. অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেম চালুকরণ**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেমের সীমাবদ্ধতা বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সফট বিডি এবং মন্ত্রিপরিষদ বিভাগে জেলা প্রশাসকগণ পত্র প্রেরণ করেছেন। সভায় অনলাইন ডিলিং লাইসেন্স ব্যবস্থার উন্নতিকল্পে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।। | অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেমের সমস্যা ও উত্তরণের উপায় এবং সিস্টেম উন্নয়নের বিষয়ে জেলা প্রশাসকগণ যোগাযোগ অব্যাহত রাখবেন। | জেলা প্রশাসক (সকল) |
| **৬. গণশুনানি সংক্রান্ত:**<br>বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী গণশুনানি প্রতিবেদন সুনামগঞ্জ জেলার ফরম্যাট অনুসরণ করে সিলেট জেলা হতে পাওয়া গেছে। তবে সকল জেলার গণশুনানী সংখ্যা বিষয়ে স্পষ্টীকরণ: ইউনিট সংখ্যা x চার বিষয়টি সঠিক রয়েছে। সভার সিদ্ধান্ত অনুয়ায়ী ইউনিট সংখ্যা ঠিক রেখে গণশুনানী প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। এছাড়া গণশুনানীর প্রতিবেদন পর্যালোচনায় হবিগঞ্জ জেলার শুনানী বৃদ্ধি করার বিষয়েও সভায় আলোচনা করা হয়। | গণশুনানির তথ্য সভার আলোচনা মতে প্রেরণ এবং গণশুনানী সংখ্যা: ইউনিট সংখ্যা x চার (সপ্তাহ সংখ্যা) নির্ধারণ করে আলোকে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **৭. উঠান বৈঠক অনুষ্ঠান:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে বিভিন্ন সামাজিক প্রচারণার অংশ হিসেবে উঠান বৈঠক-সভা অনুষ্ঠিত হচ্ছে। | স্বাস্থ্যবিধি মেনে সামাজিক প্রচারণার অংশ হিসেবে উঠান বৈঠক/সভা পরিচালনা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **৮. করোনা ভাইরাস প্রতিরোধ:**<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে "করোনার দ্বিতীয় দফা সংক্রমণ" পরিকল্পনা গ্রহণ ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সভায় মাস্ক পরা নিশ্চিত করার জন্য আইন প্রয়োগের বিষয়ে আলোচনা করা হয়। | ক. "করোনার দ্বিতীয় দফা সংক্রমণ" মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ /সচেতনতামুলক কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>খ. মাস্ক পরা নিশ্চিত করার লক্ষ্যে প্রচারণা/চেক পয়েন্ট/মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |

| | | |
|---|---|---|
| **৯. কর্মকর্তাদের বিরুদ্ধে তদন্তাধীন অভিযোগের নিষ্পত্তি:**<br>এ বিভাগের কোন জেলায় কোন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগের কোন তদন্ত পেন্ডিং নেই মর্মে সভাকে অবহিত করা হয়। | কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে (যদি থাকে) নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১০. জেলা ব্রান্ডিং:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে জেলা সমূহে "জেলা ব্রান্ডিং" কার্যক্রম চলমান রয়েছে। সভায় একশন প্ল্যান তৈরি এবং এ বিষয়ক পুস্তক প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। | জেলা ব্র্যান্ডিং কার্যক্রমের প্রতিবেদন নিয়মিতভাবে প্রেরণের ধারা অব্যাহত রাখতে হবে এবং পুস্তক প্রকাশের পরিকল্পনা এ অফিসে প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১০. ক্ষুদ্র-নৃগোষ্ঠী প্রকল্প সংক্রান্ত:**<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে সকল জেলা থেকে ক্ষুদ্র নৃগোষ্ঠীদের জন্য গৃহীত প্রকল্প তালিকা পাওয়া গেছে। গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন এবং তদারকি করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ক্ষুদ্র নৃগোষ্ঠীদের প্রকল্প প্রস্তাব দ্রুততার সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের সমন্বয় সভার অন্তর্ভূক্ত করে আলোচনা করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১১. অডিট আপত্তি ও নিষ্পত্তি:**<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জবাব পাঠানো হচ্ছে। | পেন্ডিং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিশেষ উদ্যোগ গ্রহণ অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১২. জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে অগ্রগতি প্রেরণ নিশ্চকরণের বিষয়ে আলোচনা করা হয়। সকল জেলা হতে জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করা হলেও সুনামগঞ্জ জেলা থেকে প্রেরণ করা হচ্ছে না । নিয়মিত অগ্রগতির প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় অধিকতর গুরুত্বারোপ করা হয়। | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত অগ্রগতির প্রতিবেদন সংক্রান্ত তথ্য বিভাগের আওতাধীন সকল জেলা থেকে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১৩. পেন্ডিং তালিকা:**<br>গত সভার সিদ্ধান্ত মতে পেন্ডিং তালিকা সম্পর্কে জেলা প্রশাসকগণকে অবহিত করা হয়। পেন্ডিং তালিকা নিষ্পত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হয়। | ক. জেলা প্রশাসকগণের নিকট এ কার্যালয়ের পেন্ডিং কাজকর্ম নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ. বিভাগীয় কমিশনারের কার্যালয়ে জেলা প্রশাসকগণের পেন্ডিং তালিকা প্রতিমাসের ৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল:**<br>সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল এর নির্দিষ্ট ক্যালেন্ডার রয়েছে। এ দু'টি কার্যক্রম বাস্তবায়নে প্রমাণকসহ তথ্য দিতে হয়। জেলাসমূহের এ দুটি কার্য বাস্তবায়নে বিভিন্ন ত্রুটি লক্ষ্য করা গেছে যেমন- নির্ধারিত ক্যালেন্ডার অনুসরণ না করা, এপিএমএস-এ যথাযথভাবে তথ্য দাখিল না করা এবং প্রমাণক ব্যতীত প্রতিবেদন প্রেরণ। এ দু'টি কার্যক্রম বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণের বিষয়ে জেলা প্রশাসকগণকে বিশেষ দৃষ্টি দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ক. এপিএ এবং এনআইএস এর কার্যক্রম যথাযথ বাস্তবায়ন করতে হবে।<br>খ. কার্যক্রমসমূহ যথাযথ বাস্তবায়নের বিষয়ে জেলা প্রশাসকগণ বিশেষ দৃষ্টি দিবেন। | জেলা প্রশাসক (সকল) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০২.২০.৬৭

তারিখ: ২০ মাঘ ১৪২৭
০৩ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার

২) সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৩) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার